অদ্য ১৩/০৬/২০২১ খ্রিঃ তারিখে বেলা ১১.০০ ঘটিকার সময় সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।গত ১৪/০৩/২০২১ খ্রিঃ তারিখে স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক অতিঃ স্থায়ী' কমিটি'র সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠ করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত গ্রহন	বাস্তবায়নকারী
মেহেরপুর পৌরসভার স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক অতিঃ স্থায়ী' কমিটি'র আলোচনা।	সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য ও কাউন্সিলর জনাবা মোছাঃ শিউলী আক্তার বলেন পৌর স্বাস্থ্যকর্মী দ্বারা বিভিন্ন ধরনের টিকা কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমানে শহরের জলাবদ্ধতা খুবই কম কিছু কিছু এলাকায় ড্রেন না থাকায় বৃষ্টি হলে সাময়িক জলাবদ্ধতা দেখা দেয়। **UGIIP-III** প্রকল্পের অধীনে কিছু ড্রেন নির্মানের কাজ সম্পন্ন হয়েছে এবং ০৯ ও ০৬ নং ওয়ার্ডে ড্রেনের কাজ চলমান রয়েছে খুব শিঘ্রই চলমান প্রকল্পের কাজ শেষ হবে মর্মে আশা করা যাচ্ছে। ড্রেনের কাজ সম্পন্ন হলে শহরের জলাবদ্ধতা কমে যাবে। পানি জমে থাকা স্থানে ও যত্রতত্র ময়লা আবর্জনা জমে থেকে যেন কোন ভাবেই মশামাছি বংশ বিস্তার না ঘটাতে পারে সেদিকে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। পৌরবাসীর চাহিদা মোতাবেক পানি সরবরাহের বিষয়ে কাউন্সিলর জনাবা শিউলী আক্তার জানতে চাইলে কমিটির সভাপতি মহোদয় বলেন পৌরসভার নিজস্ব অর্থায়নে নতুন দুইটি উৎপাদক নলকুপ স্থাপন পূর্বক পানি সরবরাহ সচল রাখা হয়েছে। এবং **DPHE** এর অধীনে তিনটি নতুন উৎপাদক নলকুপ বসানোর কাজ সম্পন্ন হয়েছে বিধায় পানি সরবরাহ ব্যবস্থায় আপাতত কোন সমস্যা নাই। তবে বড় বাজার এলাকায় পানি স্বল্পতা দেখা যাচ্ছে। নতুন উৎপাদক নলকুপ বসিয়ে পানি সরবরাহ ব্যবস্থাকে চাহিদা মোতাবেক রাখা যায়। **DPHE** কর্তৃক পানি শোধনাগার এর নির্মান কাজ দ্রত শেষ হলেও বিদ্যুৎ সংযোগ না হওয়ায় পানি সরবরাহ সচল করা যাচ্ছে না। বিদ্যুৎ সংযোগের জন্য **PDB** এর সাথে পত্রযোগাযোগ অব্যাহত রয়েছে। জলাবদ্ধতা না থাকলেও মশার উপদ্রব বৃদ্ধি রোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন। ওয়াপদা মোড়ের পাবলিক টয়লেট টি পূনঃ মেরামত করে সচল করা প্রয়োজন। শহরের গুরুত্বপূর্ণ স্থানে আধুনিক টয়লেট নির্মান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে এ সভা সুপারিশ করেন। সর্বোপরি মেয়র মহোদয় স্যানিটেশন ,স্বাস্থ্য ও পানি সরবরাহ বিষয়ক সকল কর্মকর্তা ও কর্মচারীদের সতর্কতার সাথে দায়িত্ব পালনের জন্য পরামর্শ দেন। সর্বশেষ স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক কর্মকান্ড উন্নয়নের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতিক্রমে মেয়র মহোদয়কে অনুরোধ করেন।	স্বাস্থ্য ,পানি ও স্যানিটেশন বিষয়ে আরোও কার্যকরী করার ব্যবস্থা নেওয়া সহ ইউজিআইআইপি-৩ প্রকল্পে পানি সরবরাহ ও স্যানিটেশন সম্পর্কৃত স্কীম সমুহ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সভা সর্বসম্মতিক্রমে মেয়র মহোদয়কে জোর সুপারিশ করেন।	মেয়র মহোদয়, মেহেরপুর পৌরসভা ও প্রকৌশল বিভাগের প্রধান, নির্বাহী প্রকৌশলী ও অন্যান্য প্রকৌশলী সহ কনজারভেন্সী ইন্সপেক্টর ও স্যানিটারী ইন্সপেক্টর।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

১৩/০৬/২০২১

সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী
সভাপতি,
স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক অতিঃ স্থায়ী' কমিটি
ও কাউন্সিলর, ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।

স্মারক সংখ্যা ঃ মেপৌ/প্রবি/২০২১/১৪৫(৬)

তারিখ ঃ ১৩/০৬/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। প্রকল্প পরিচালক, 'তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (Sector) প্রকল্প,(UGIIP-III), লেভেল-১২, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

২। জনাব --- সকল সদস্য, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট 'ক' (উপস্থিত সদস্যদের নামের তালিকা)

স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক অতিঃ স্থায়ী কমিটির সভার তারিখ-১৩/০৬/২০২১ খ্রিঃ, সময়- বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ পৌরসভার কালাচাঁদ সভাকক্ষ, মেহেরপুর।

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১.	**জনাব মোঃ মাহ্ফুজুর রহমান রিটন, মেয়র, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর।**	সদস্য	
২.	জনাবা হামিদা, মহিলা কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- ৭, ৮ ও ৯, মেহেরপুর পৌরসভা।	সদস্য	
৩.	জনাবা শিউলী আকতার, মহিলা কাউন্সিলর, সংরক্ষিত আসন নং- ৪, ৫ ও ৬, মেহেরপুর পৌরসভা।	সদস্য	
৪.	জনাব সৈয়দ মঞ্জুরুল কবির রিপন, কাউন্সিলর- ৮নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।	সদস্য	
৫.	জনাব আবু হেনা মোস্তফা কামাল, সহকারী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা।	সদস্য	13/06/2021
৬.	জনাব মোঃ মনিরুল ইসলাম খান, স্যানিটারী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভা।	সদস্য সচিব	১৩/০৬/২১